গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.১২৫.০২৫.০২.০০.০০১.২০১১-৯০ তারিখ-১৫/০২/২০১৬ খ্রিঃ।

**বিষয়ঃ ১০৭ তম সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্সে অনুবৃত্তিক্রমে মনোনয়ন প্রসঙ্গে।**

সূত্র-(১) ০৫.২০১.০২৫.০০.০০.০০৮.২০১৩- ৬৬, তারিখ-১০/০২/২০১৬ খ্রিঃ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
(২) ১জে-৪৫/০৩(অংশ-১) ১২৫১ এ, তারিখ-১৫/০২/২০১৬ খ্রিঃ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২২ ফেব্রুয়ারী, ২০১৬ খ্রিঃ হতে ১১ এপ্রিল, ২০১৬ খ্রিঃ পর্যন্ত ৫০ (পঞ্চাশ) দিন মেয়াদে ১০৭ তম সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

২। সরকার বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ অনুযায়ী নিম্নলিখিত ০৫ (পাঁচ) জন বিচার বিভাগীয় কর্মকর্তাকে অনুবৃত্তিক্রমে বর্নিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মনোনয়ন প্রদান করেছে।

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম | বর্তমান পদবী | বর্তমান কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | শাহরিয়ার মাহমুদ আদনান | বিচারক (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল | লক্ষ্মীপুর |
| ২ | মোঃ রেজাউল করিম | সচিব (যুগ্ম জেলা জজ), পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন | খাগড়াছড়ি |
| ৩ | আমিনুল ইসলাম | সিনিয়র সহকারী জজ | সিলেট |
| ৪ | শাহরিয়ার আরাফাত | সিনিয়র সহকারী সচিব (যুগ্ম জেলা জজ) | বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ঢাকা |
| ৫ | মোঃ গোলাম কিবরিয়া | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | টাঙ্গাইল |

৩। জনস্বার্থে এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৪। মনোনীত কর্মকর্তাগণকে আগামী **২১** ফেব্রুয়ারী, ২০১৬ অপরাহ্নে **ঢাকা জেলার সাভার উপজেলাধীন সিএন্ডবি বাসস্ট্যান্ড হতে কলমা রোডে পল্লীবিদ্যুৎ পাওয়ার হাউস সংলগ্ন ডেইরী ফার্ম মাঠে** যৌথ ক্যাম্পে যোগদান করতে হবে। উক্ত তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন সময়ের জন্য নিজ কর্মস্থল হতে ২২ ফেব্রুয়ারী, ২০১৬ খ্রিঃ পূর্বাহ্নে তাৎক্ষণিকভাবে অবমুক্ত (Stand Released) বলে গণ্য হবেন। প্রশিক্ষণ শেষে সকল কর্মকর্তা নিজ নিজ কর্মস্থলে যোগদান করবেন।

৫। প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ বেতন ও ভাতাদি সরকারী নিয়মে নিজ নিজ দপ্তর হতে গ্রহণ করবেন।

৬। কোর্সটি আবাসিক। সার্ভে এন্ড সেটেলমেন্ট ম্যানুয়েলের ২০১৮ ধারার বিধান মতে প্রশিক্ষণকালীন সময়ের জন্য প্রত্যেক কর্মকর্তা একজন করে আর্দালী/পিয়ন পাবেন। মনোনীত কর্মকর্তাগণের স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ আর্দালী/ পিয়নের ব্যয়ভার বহন করবেন।

স্বা/-
**(ফয়সল আতিক বিন কাদের)**
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১ (অঃ)।

নং-১০.১২৫.০২৫.০২.০০.০০১.২০১১-৯০ তারিখঃ ১৫/০২/২০১৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, কাওরান বাজার, ঢাকা।
২। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, আভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা)।

৪। জেলা জজ, লক্ষ্মীপুর/সিলেট।

৫। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ঢাকা।

৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাগাইল।

৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লক্ষীপুর/খাগড়াছড়ি/টাঙ্গাইল।

৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা/সিলেট।

৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, কক্ষ নং-৫০৩, সেগুনবাগিচা, ঢাকা।

১০। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১১। জনাব/বেগম ......................................................................... ।

১২। গার্ড কপি।

১৫.০২.২১

**(ফয়সল আতিক বিন কাদের)**
সিনিয়র সহকারী সচিব।